

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

এবার রং ছিটানোর ঘটনায় ছাত্রলীগ নেতা বহিষ্কার

জাবি প্রতিনিধি >

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এক ছাত্রীর গায়ে রং দেওয়ার ঘটনায় ছাত্রলীগ নেতা এক শিক্ষার্থীকে তিন মাসের জন্য বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গত শনিবার রাতে সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। বহিষ্কৃত ছাত্রলীগ নেতা হামজা রহমান অস্তর নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র। তিনি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের কার্যকরী সদস্য। জানা যায়, গত ৬ মার্চ বিসিএস পরীক্ষা দিতে যাওয়ার সময় হামজা রহমান অস্তর রং ছিটিয়ে দেন বলে অভিযোগ করেন বাংলা বিভাগের এক ছাত্রী। পরদিন এ ঘটনার বিচার চেয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও উপাচার্যের কাছে লিখিত অভিযোগ জমা দেন তিনি। তদন্তে সেই অভিযোগের প্রমাণ মেলায় বিশ্ববিদ্যালয় প্রশাসন ওই ছাত্রলীগ নেতাকে বহিষ্কারের সিদ্ধান্ত নেয়।

এর আগে পহেলা বৈশাখের দিন ক্ষুদ্র নৃগোষ্ঠীর এক ছাত্রীকে লাঞ্চিত করার প্রমাণ মেলায় ছাত্রলীগের পাঁচ নেতাকর্মীকে চিরতরে বহিষ্কার করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

চতুর্থ দিনের মতো প্রশাসনিক ভবন অবরোধ : এদিকে বিশ্ববিদ্যালয়ের ভূতাত্ত্বিক বিজ্ঞান ও কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের অবরোধের কারণে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কার্যক্রম বন্ধ রয়েছে। শিক্ষার্থীরা চতুর্থ দিনের মতো গতকাল রবিবার প্রশাসনিক ভবন অবরোধ করলে উপাচার্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ ও রেজিস্ট্রারসহ প্রশাসনিক কর্মকর্তারা অফিসে ঢুকতে পারেননি। তবে উপাচার্য তাঁর বাসভবনে বসে জরুরি কার্যক্রম করছেন বলে জানা গেছে।

গত ৩০ এপ্রিল বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট পরিবেশবিজ্ঞান বিভাগকে বদবন্ধ শেখ মুজিবুর রহমান হলের পার্শ্ববর্তী একটি ভবনের তৃতীয় তলা বরাদ্দ দেয়। সিন্ডিকেটের সিদ্ধান্তের প্রতিবাদে এবং ভবনের প্রথম থেকে তৃতীয় তলা পর্যন্ত হস্তান্তরের দাবিতে সব শিক্ষা কার্যক্রম বন্ধ রেখে আন্দোলন চালিয়ে যাচ্ছেন ভূতাত্ত্বিক বিজ্ঞান ও কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীরা।